

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date : 26-08-2025**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**CM Offer Distribution :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলা প্রজ্ঞাভবনে এক অনুষ্ঠানে ২১৬ জন মেডিকেল অফিসারের নিয়োগ পত্র প্রদান করবেন। সম্প্রতি ত্রিপুরা পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে রাজ্য সরকার তাদের চূড়ান্ত অনুমোদন দিয়েছিল।

\*\*\*\*\*

**PM Gujrat Today :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর গুজরাট সফরের দ্বিতীয় দিনে আজ আমেদাবাদের হনসলপুরে হাইব্রিড ব্যাটারি ইলেক্ট্রোডের স্থানীয় উৎপাদন এবং ১০০টি দেশে ব্যাটারি বৈদ্যুতিক যানবাহন রপ্তানি প্রকল্পের উদ্বোধন করবেন। প্রধানমন্ত্রী ১ হাজার ৪০০ কোটি টাকারও বেশি মূল্যের একাধিক রেল প্রকল্প জাতির উদ্দেশে উৎসর্গ করবেন।

\*\*\*\*\*

**PM Gujrat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে কৃষক, গবাদি পশুপালক এবং ক্ষুদ্র উদ্যোক্তাদের স্বার্থ জাতির কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি বলেন যে ভারত কোনও চাপের মুখে এই গোষ্ঠীগুলির কোনও ক্ষতি হতে দেবে না। গতকাল আহমেদাবাদে ৫,৪০০ কোটি টাকারও বেশি মূল্যের উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপনের পর এক সমাবেশে প্রধানমন্ত্রী এই কথা বলেন।

#### Byte-PM ####

প্রধানমন্ত্রী উল্লেখ করেন দেশ আত্মনির্ভরশীলতাকে ভিত্তিপ্রস্তর হিসেবে বিবেচনা করে উন্নয়নের পথে এগিয়ে চলেছে। তিনি আত্মনির্ভর ভারতের

লক্ষ্য অর্জনের জন্য নাগরিকদের মেড ইন ইন্ডিয়া পণ্যগুলিকে অগ্রাধিকার দেওয়ার আহ্বান জানান।

\*\*\*\*\*

### **Financial Literacy & Saturation Camp :**

ভারতীয় রিজার্ভ ব্যাংকের আগরতলা শাখার ভারপ্রাপ্ত জেনারেল ম্যানেজার সুরেন্দ্র নিডার জনগণকে প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বীমা योजना, প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা योजना এবং অটল পেনশন योजनाর মত সামাজিক সুরক্ষা প্রকল্পগুলির সুযোগ নিতে এবং প্রত্যেক নাগরিককে ব্যাংকে একাউন্ট খুলে সুরক্ষিত ভাবে আর্থিক লেনদেন করার পরামর্শ দিলেন। গতকাল দক্ষিণ জেলার ঋষ্যমুখ ব্লকের উত্তর সোনাইছড়িতে ত্রিপুরা গ্রামীণ ব্যাঙ্কের উদ্যোগে আয়োজিত আর্থিক সাক্ষরতা ও আর্থিক সংপৃক্তকরণ শিবিরে একথা বলেন তিনি। তারা ভারতচন্দ্র নগর ব্লকের পশ্চিম পাইখোলা গ্রাম পঞ্চায়েতে ভারতীয় স্টেট ব্যাংক আয়োজিত অনুরূপ শিবিরেও বক্তব্য রাখেন।

\*\*\*\*\*

### **Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগণের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৫তম পর্ব। আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে। টোল ফ্রি নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

\*\*\*\*\*

### **Mukhyamantri Dakhayata Unnayan Prakalpa :**

মুখ্যমন্ত্রী দক্ষতা উন্নয়ন প্রকল্পে আগরতলা পুর নিগমের ৪২ নং ওয়ার্ড কার্যালয়ে সেলাই মেশিনের উপর মহিলাদের এক বিশেষ প্রশিক্ষণ শিবির গতকাল থেকে শুরু হয়েছে। ত্রিপুরা ক্ষুদ্র শিল্প নিগমের উদ্যোগে এবং আগরতলা পুর নিগমের সহায়তায় আয়োজিত এই প্রশিক্ষণ শিবিরে ১০০ জন মহিলাকে আগামী ৪৫ দিন পর্যন্ত এই প্রশিক্ষণ দেওয়া হবে।

\*\*\*\*\*

### **NE FEST-NSS :**

আগরতলার নজরুল কলাক্ষেত্রে আয়োজিত পাঁচদিনব্যাপী উত্তর-পূর্বাঞ্চলীয় এনএসএস উৎসবের তৃতীয় দিনে গতকাল 'ভবিষ্যতের জন্য প্রস্তুতি: ব্যক্তিত্ব বিকাশ ও যুব কর্মসংস্থান সক্ষমতার এক পর্ব' শীর্ষক আলোচনায় বিশেষজ্ঞ বক্তা ছিলেন, ইয়থ মোটিভেটর সিদ্ধার্থশংকর চৌধুরী। উৎসবে সিকিম সহ উত্তরপূর্বের রাজ্যগুলি থেকে জাতীয় সেবা প্রকল্পের স্বেচ্ছাসেবীরা বিভিন্ন পর্বে অংশ গ্রহণ করেন।

\*\*\*\*\*

### **National Award :**

এ বছর শিক্ষক দিবস উপলক্ষ্যে জাতীয় শিক্ষক পুরস্কার পাচ্ছেন গোমতী জেলার হরিয়ানন্দ ইংলিশ মিডিয়াম স্কুলের শিক্ষিকা বিদিশা মজুমদার। গতকাল কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের অধিকর্তা ভগবতি প্রসাদ কালাল এ খবর জানিয়েছেন। দিল্লিতে বিজ্ঞান ভবনে জাতীয় শিক্ষক পুরস্কার প্রাপ্ত শিক্ষিকা এই বিষয়ে নিজের প্রতিক্রিয়া জানিয়েছেন।

#####Byte-Bidisha Majumder#####

\*\*\*\*\*

### **First Division :**

টি.এফ.এ পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় লালবাহাদুর ব্যায়ামাগার জয়লাভ করেছে।

উমাকান্ত মিনি স্টেডিয়ামে লালবাহাদুর ব্যয়ামাগার ৬-২ গোলে ফ্রেন্ডস ইউনিয়নকে হারিয়ে দেয়।

\*\*\*\*\*

**Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*